

ক্লেমন টি-২০ ক্রিকেট টুর্নামেন্ট উদ্বোধন করলেন মেয়র লিটন

রাজশাহী, ২৭ অগ্রহায়ণ (১২ ডিসেম্বর):

রাজশাহী বিভাগীয় মহিলা ক্রীড়া কমপ্লেক্স মাঠে মুজিবশতবর্ষ উপলক্ষ্যে ক্লেমন টি-২০ ক্রিকেট টুর্নামেন্ট উদ্বোধন করা হয়েছে। আজ সকালে ক্লেমন ক্রিকেট একাডেমি আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাসিক মেয়র এএইচএম খায়রুজ্জামান লিটন।

উদ্বোধনী অনুষ্ঠানে মেয়র বলেন, ক্রীড়া শারীরিক ও মানসিক বিকাশ ঘটায়। ক্রীড়াঙ্গনে রাজশাহীর রয়েছে গৌরবোজ্জ্বল সাফল্য। ক্রীড়াঙ্গনের সকল ক্ষেত্রেই রাজশাহী এগিয়ে আছে। অনুর্ধ্ব-১৪ মেয়েদের ফুটবল, শহীদ এএইচএম কামারুজ্জামান গোল্ডকাপ ক্রিকেট টুর্নামেন্ট, জাহানারা জামান স্মৃতি ফুটবল আয়োজনসহ রাজশাহীতে সম্প্রতি অনেকগুলো খেলাধুলার আয়োজন অনুষ্ঠিত হয়েছে এবং ভবিষ্যতেও এ ধরনের টুর্নামেন্ট আয়োজন করা হবে।

মেয়র ক্লেমন টি-২০ ক্রিকেট টুর্নামেন্ট আয়োজন করায় আয়োজকদের ধন্যবাদ জানান।

পরে মেয়র ট্রফি উন্মোচন ও বেলুন উড়িয়ে টুর্নামেন্টের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এ টুর্নামেন্টে মোট ৮০টি দল অংশগ্রহণ করছে।

উদ্বোধনী অনুষ্ঠানে ক্লেমন ক্রিকেট একাডেমীর পরিচালক বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের সাবেক অধিনায়ক খালেদ মাসুদ পাইলট, সাবেক ক্রিকেটার কুতুব উদ্দিন, রাসিকের প্রধান পরিচালক কর্মকর্তা শেখ মো. মামুন ডলার উপস্থিত ছিলেন।

.....
সিকান্দার/হালিম/১৪.৩০ ঘ.